

উপস্থাপনার নমুনা

➤ উপস্থাপনার মৌলিক দিক:

- ক. সম্বোধনসূচক শব্দাবলী আয়ত্ত করা
- খ. প্রাথমিক কথা/অনুষ্ঠান পরিচিতি
- গ. অনুষ্ঠানসূচী
- ঘ. কুরআন তেলাওয়াত (নাম ঘোষণা, অনুরোধ, ধন্যবাদ জ্ঞাপন)
- ঙ. ইসলামী সঙ্গীত পরিবেশন (নাম ঘোষণা, অনুরোধ, ধন্যবাদ জ্ঞাপন)
- চ. আলোচনা (নাম ঘোষণা, অনুরোধ, ধন্যবাদ জ্ঞাপন)
- ছ. বিদায়ী কথা

➤ বিস্তারিত

ক. প্রিয় উপস্থিতি, সুপ্রিয় দর্শকমন্ডলী, প্রিয় শ্রোতা, সম্মানিত সুধী, সম্মানিত হাযিরীন, সংগ্রামী সাথী ও বন্ধুগণ, প্রিয় বন্ধুগণ, হে উম্মতের রাহবার, হে জাতির কাভারী ওলামায়ে কেরাম!

খ. সম্মানিত সধী বিশ্বের এক ও অদ্বিতীয় অধিপতি মহান আল্লাহ তা'আলার লাখে-কোটি শুকরিয়া আদায় করছি, যিনি আমাদেরকে (প্রমিত উচ্চারণ, ভাষা-সাহিত্য ও সাংবাদিকতার প্রশিক্ষণমূলক প্রতিষ্ঠান 'বাংলাবাড়ি' কর্তৃক আয়োজিত আজকের শিক্ষামূলক সেমিনারে উপস্থিত হওয়ার/সমবেত হওয়ার তাওফিক দিয়েছেন। আমাদের ডাকে সাড়া দিয়ে দেশের বিভিন্ন প্রান্ত থেকে যারা কষ্ট করে আজকের সেমিনারে/মাহফিলে/অনুষ্ঠানে উপস্থিত হয়েছেন তাদের সবাইকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে শুরু করছি আজকের সেমিনার/মাহফিল/অনুষ্ঠান।

গ. প্রিয় শ্রোতা, প্রথমেই অনুষ্ঠানসূচী জানিয়ে দিচ্ছি। অনুষ্ঠানের শুরুতে পবিত্র কুরআনে কারীম থেকে তেলাওয়াত করবেন, হযরত মাওলানা কারী জহিরুল হক সাহেব; সাবেক কেরাত বিভাগীয় প্রধান, দারুল উলুম হাটহাজারী। ইসলামী সঙ্গীত পরিবেশন করবেন, মুহাম্মদ বদরুজ্জামান; নির্বাহী পরিচালক, সাংস্কৃতিক সংগঠন কলরব। বিষয়ভিত্তিক আলোচনা করবেন.....। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন.....। সভাপতির আসন অলংকৃত করে আখেরী নসীহত পেশ করবেন এবং মুনাজাত পরিচালনা করবেন.....।

(পরিচালনার সুবিধার্থে একটি মাহফিলকে সাধারণত ৪ অধিবেশনে ভাগ করা যায় : যোহর থেকে আসর ১ম অধিবেশন, আসর থেকে মাগরিব ২য় অধিবেশন, মাগরিব থেকে এশা ৩য় অধিবেশন, এশার পর থেকে শেষ পর্যন্ত ৪র্থ/শেষ অধিবেশন)

ঘ. প্রিয় উপস্থিতি, এ পর্যায়ে আপনাদের সামনে পবিত্র কুরআনে কারীম থেকে তেলাওয়াত নিয়ে আসছেন দারুল উলুম হাটহাজারী মাদরাসার কেরাত বিভাগের সাবেক প্রধান উস্তাদ, প্রখ্যাত কারী, হযরত মাওলানা কারী জহিরুল হক সাহেব দা.বা.।

শুদ্ধ ভাষার দাঠশানা

বিশুদ্ধ বাংলা উচ্চারণ, উপস্থাপনা, বক্তৃতা ও আবৃত্তি প্রশিক্ষণমূলক প্রতিষ্ঠান

আমি হযরতকে তাঁর সুললিত কণ্ঠে/হৃদয়গ্রাহী সুরে/হৃদয়কাড়া সুরে পবিত্র কুরআনে কারীম থেকে তেলাওয়াত করে শুনানোর জন্য মাহফিল পরিচালনা কমিটি/মাহফিল এন্তেজামিয়া কমিটি/আয়োজকবৃন্দের পক্ষ থেকে বিনীতভাবে অনুরোধ করছি!

ধন্যবাদ কারী জহিরুল হক সাহেবকে, মনোমুগ্ধকর তেলাওয়াত করে আমাদের হৃদয় শীতল করার জন্য। তেলাওয়াতের পর : কুরআনপ্রেমিক বন্ধুগণ, অকাট্য সংশয়মুক্ত অব্যর্থ শাস্ত জ্ঞানের আঁধার এই কুরআন। অসংখ্য অলৌকিকতার চিরন্তন উৎস এ কালাম। আমাদের অস্তিত্বের স্তম্ভ মহান এ গ্রন্থকে যখনই আমরা পাঠ করি তখনই হৃদয় পিঠে ফোঁটায় ফোঁটায় ঝড়ে পড়ে রহমতের পাক শিশির। চেতনায়, বিশ্বাসে, ভাবে-অনুভবে দোলা দিয়ে যায় এক স্বর্গীয় অলৌকিকতা। ঠিক তখনই মনে পড়ে যায় প্রিয়তম নবী হযরত মুহাম্মদ সা. এর কথা। যাঁর অসীম ত্যাগ, ভাষাতীত কুরবানী ও অফুরন্ত সাধনার বরকতে আমরা পেয়েছি এ কালাম।

ঙ. প্রিয় উপস্থিতি, এখন তাঁরই শানে নিবেদিত একটি চমৎকার হৃদয় নিংড়ানো নাত পরিবেশন করবেন, ইসলামী সাংস্কৃতিক সংগঠন কলরব এর নির্বাহী পরিচালক, মুহাম্মদ বদরুজ্জামান। আমি মুহাম্মদ বদরুজ্জামানকে তাঁর সুললিত কণ্ঠে/হৃদয়গ্রাহী সুরে/হৃদয়কাড়া সুরে একটি নাত পরিবেশন করার জন্য বিনীতভাবে আহ্বান/অনুরোধ করছি! অসংখ্য অসংখ্য ধন্যবাদ বদরুজ্জামানকে, একটি সুন্দর নাত পরিবেশন করে শুনানোর জন্য।

চ. সম্মানিত হাযিরীন, এখন আপনাদের সামনে অত্যন্ত গুরুত্বপূর্ণ তাকরীর/নসীহত পেশ করবেন, প্রখ্যাত আলেমেদীন/দেশবরণ্য মুফাস্সিসরে কুরআন/বিশিষ্ট হাদীস বিশারদ/বাতিলের আতংক/তারুণ্যের আইডল/বিশিষ্ট মিডিয়া ব্যক্তিত্ব/ সর্বজন শ্রদ্ধেয় আলেমেদীন/আকাবিরে দেওবন্দের জীবন্ত নমুনা...।

* সম্মানিত উপস্থিতি, এখন আপনাদের সামনে অত্যন্ত গুরুত্বপূর্ণ নসীহত পেশ করবেন, সর্বজন শ্রদ্ধেয় আলেমেদীন, আকাবিরে দেওবন্দের জীবন্ত নমুনা, উপমহাদেশের অন্যতম দীনি শিক্ষা প্রতিষ্ঠান দারুল উলুম হাটহাজারীর শিক্ষাপরিচালক, দেশের সর্ববৃহৎ অরাজনৈতিক সংগঠন হেফাজতে ইসলাম বাংলাদেশের সংগ্রামী আমীর আল্লামা জুনায়েদ বাবুনগরী (দামাত বারাকাতুহুমুল আলিয়া)

* সংগ্রামী জনতা, এখন আপনাদের সামনে অত্যন্ত গুরুত্বপূর্ণ আলোচনা নিয়ে আসছেন, নাস্তিক ও বাতিলের আতংক, দেশের তারুণ সমাজের জাগরণের প্রতীক, বিশিষ্ট মিডিয়া ব্যক্তিত্ব, জামিয়া রহমানিয়া আরাবিয়া ঢাকার সম্মানিত শাইখুল হাদীস আল্লামা মামুনুল হক (দা.বা.)

ছ. সম্মানিত উপস্থিতি, আমরা আজকের মাহফিলের শেষ পর্যায়ে চলে এসেছি। আমাদের মাহফিল সুন্দর ও সুষ্ঠুভাবে আয়োজন করার জন্য যারা বিভিন্নভাবে শ্রম দিয়েছেন, সহযোগিতা করেছেন, বিশেষ করে...। এবং সাংবাদিক বন্ধুগণ, পুলিশ ভাইয়েরা ও আমাদের সংগঠনের কর্মিবৃন্দ/ মাদরাসার শিক্ষক ও ছাত্রবৃন্দ যারা দীর্ঘদিন ধরে নিরলসভাবে কাজ করে এসেছেন আপনাদের সকলের আন্তরিকভাবে শুকরিয়া আদায় করছি। মহান আল্লাহ তাআলা আমাদের খেদমতকে কবুল করুন! আমিন, ইয়া রব্বাল আলামীন!

শুদ্ধ ভাষার পাঠশালা

বিশুদ্ধ বাংলা উচ্চারণ, উপস্থাপনা, বক্তৃতা ও আবৃত্তি প্রশিক্ষণমূলক প্রতিষ্ঠান